



পঞ্চগড়ে বিএনপি নেতার উপস্থিতিতে খোলা হলো আ.লীগ কার্যালয়ের তালা



ছবি: সংগৃহীত

পঞ্চগড়ের চাকলাহাটে আওয়ামী লীগের একটি কার্যালয়ের তালা খোলাকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে আলোচনা তৈরি হয়েছে।

শুক্রবার সকালে চাকলাহাট বাজারে এ ঘটনা ঘটে। সেখানে উপস্থিত ছিলেন পঞ্চগড় সদর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আবু দাউদ প্রধান। দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় থাকা আওয়ামী লীগ কার্যালয়টি খুলে দেওয়ার পর ঘটনাটির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং তা নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়।

আবু দাউদ প্রধান গণমাধ্যমকে বলেন, আওয়ামী লীগ অফিসটি তালাবদ্ধ থাকায় এলাকায় উত্তেজনা তৈরি হচ্ছিল। পরিস্থিতি শান্ত রাখতে এবং কোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে তালা খুলে দেওয়ার পরামর্শ দেন তিনি। তার দাবি, এটি বিএনপির কোনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত নয়; স্থানীয়ভাবে শান্তিশৃঙ্খলা বজায় রাখার উদ্যোগ। তিনি আরও বলেন, আগে জামায়াতের কিছু লোক তালা লাগিয়েছিল, পরে তারাই তা খুলে দেয়।

ভাইরাল ভিডিওতে দেখা যায়, চাকলাহাট ইউনিয়ন আওয়ামী লীগের এক নেতা বক্তব্য দিচ্ছেন এবং তালা খোলার বিষয়টিকে ইতিবাচক হিসেবে তুলে ধরছেন। তার পাশে বিএনপি নেতা আবু দাউদ প্রধানসহ স্থানীয় আওয়ামী লীগ ও ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী উপস্থিত ছিলেন। বক্তব্যে তিনি এই পদক্ষেপের জন্য কৃতজ্ঞতা জানান।

ভিডিওটি ছড়িয়ে পড়ার পর সামাজিক মাধ্যমে সমালোচনা শুরু হয়। স্থানীয় রাজনীতির সঙ্গে যুক্ত কয়েকজন বিএনপি নেতাও প্রশ্ন তুলেছেন, আওয়ামী লীগ কার্যালয় খোলার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার কার ছিল।